



বর্ষসেরা শিক্ষককে পুরস্কৃত করলো এমএসএস



বর্ষসেরা শিক্ষক মোসাঃ মরিয়ম খাতুনকে পুরস্কার ও সার্টিফিকেট প্রদান করা হয়।

এসময় জনাব আখতারুজ্জামান বলেন, “শিক্ষকদের অনুরোধ করবো আপনারা শিক্ষার্থীদের শুধু ভালো ফলাফলের উপর গুরুত্ব না দিয়ে ভালো মানুষ হওয়ার জন্য অনুপ্রেরণা প্রদান করবেন। নিজের সন্তান মনে করে শিক্ষার্থীদের মাঝে নৈতিকতার বীজ বপন করতে হবে।”

মরিয়ম খাতুন এমএসএস এর প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, “এই পুরস্কার আমার কাছে শুধুমাত্র একটি বস্তু বা সার্টিফিকেট নয় বরং দিনের পর দিন আমার কঠোর পরিশ্রম ও অধ্যবসায়ের স্বীকৃতি। আমার বিশ্বাস এই ধরনের উদ্যোগ শিক্ষকদের উৎসাহ প্রদানের পাশাপাশি শিক্ষার গুণগত মান উন্নয়নে যথেষ্ট ভূমিকা পালন করবে।”

শিক্ষার গুণগত মান উন্নয়ন ও শিক্ষকদের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) কর্তৃক পরিচালিত শিশুকানন প্রাক-প্রাথমিক বিদ্যালয়ে সেরা শিক্ষক পুরস্কার-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। গত ২৫ জুন এমএসএস এর ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক জনাব আখতারুজ্জামানের উপস্থিতিতে রাজশাহী জোনের

স্বামীর অনুপ্রেরণায় রাশেদার ভাগ্য বদল



নিজ বাড়িতে তৈরি খামারে কখনো মুরগীর খাবার দিচ্ছেন, কখনো ডিম সংগ্রহ করছেন, আবার কখনো গরুর খামারে গিয়ে গরুকে ঘাস খাওয়াচ্ছেন। নিত্যদিনের এই গল্পটি রংপুর সদর উপজেলার নিউ সাহেবগঞ্জ গ্রামের রাশেদা বেগমের। একজন পরিশ্রমী ও সফল নারী উদ্যোক্তা হিসাবে ইতোমধ্যে যিনি এলাকায় পরিচিতি লাভ করেছেন।

বাড়ির আঙ্গিনায় পরিত্যক্ত জমিকে কাজে লাগানোর চিন্তা থেকেই ব্যবসা শুরু করার পরিকল্পনা করেন রাশেদা। স্বামী বেলাল মোল্লা পেশায় অটোচালক হলেও স্ত্রীর ইচ্ছা পূরণের জন্য মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) থেকে ঋণ নিয়ে একটি গাভী ও কয়েকটি মুরগী কিনে ক্ষুদ্র পরিসরে খামার শুরু করেন। স্বামী-স্ত্রীর নিরলস পরিশ্রমে এই খামারের মাধ্যমে অল্পদিনেই পরিবারের আয় পূর্বের তুলনায় কয়েকগুণ বাড়িয়েছেন। লাভের টাকা দিয়ে নিজেদের পুরাতন বাড়ি মেরামত করে সন্তানদের নিয়ে স্বাচ্ছন্দ্যে বসবাস করছেন তারা।

এমএসএস ৬নং জোনের ১৮নং এরিয়ার ৩৮নং শাখার সদস্য রাশেদা জানান, “শুরুর সময়টা সংগ্রামের ছিল। জামানত না থাকায় কোন ব্যাংক থেকে ঋণ পাওয়া সম্ভব হয়নি। তখন আমার স্বামী এমএসএস সম্পর্কে জানতে পেরে আবেদন করলে তারা কয়েক দিনের মধ্যেই আমাকে ঋণ দেয়।”

তিনি আরো বলেন, সঠিক সময়ে সঠিক জায়গায় বিনিয়োগ করতে পারাই সফল উদ্যোক্তার বৈশিষ্ট্য। এমএসএস যথাসময়ে ঋণ দিয়ে আমাকে সফল উদ্যোক্তা বানাতে অবদান রেখেছে। ভবিষ্যতে খামার সম্প্রসারিত করার ব্যাপারেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

উল্লেখ্য, মানবিক সাহায্য সংস্থার মহিলা ঋণদান কর্মসূচির অধীনে বর্তমানে ১৬১,৭৮৮ জন সক্রিয় সদস্য রয়েছে। যার মাঝে ঋণী সদস্যের সংখ্যা ১২৮,১৪৫ জন।

প্রকাশনা : মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- এমএসএস
সেল সেক্টর (ভয় তলা), ২৯ পশ্চিম পাছপথ, ঢাকা -১২০৫, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৪১০২০৯২১, ৪১০২০৯২২, ৪১০২০৯২৩
ই-মেইল : info@mssbd.org, mediaunit@mssbd.org

পরিবেশ দিবসে শিশুকানন শিক্ষার্থীদের বৃক্ষরোপণ



শিক্ষক ও শিক্ষার্থীরা। ‘ভূমি পুনরুদ্ধার, মরুভূমি রোধ ও খরা সহনশীলতা অর্জন’ প্রতিপাদ্যকে ধারণ করে গত ৫ জুন শিশুকানন প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের ২৯ টি শাখায় আয়োজন করা হয় বৃক্ষরোপণ কর্মসূচি। এছাড়াও পরিবেশের ভারসাম্য রক্ষার্থে গাছের প্রয়োজনীয়তা নিয়ে শিক্ষার্থীদের মাঝে বিস্তারিত আলোকপাত করা হয়।

এ বিষয়ে এমএসএস সোশ্যাল সার্ভিস প্রোগ্রামের কর্মকর্তা নাজমুল হুদা বলেন, “শিক্ষার্থীদের সাথে নিয়ে বৃক্ষরোপণ কর্মসূচি আমাদের শিক্ষা কার্যক্রমেরই অংশ। এই কর্মসূচির মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণের গুরুত্ব শিক্ষার্থীদের উপলব্ধি করানোর চেষ্টা করছি। পরিবেশ ও বাস্তুতন্ত্রের পুনরুদ্ধারের জন্য আমাদের সবারই বেশি করে গাছ লাগানো উচিত।”

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে এমএসএস পরিচালিত শিশুকানন প্রাক-প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণ ও রাস্তার পাশে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ করেছে বিদ্যালয়ের

এমটিআই এর রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং কোর্সের পঞ্চম ব্যাচের যাত্রা শুরু



গত ২ জুন থেকে শুরু হওয়া ৩৬০ ঘণ্টা মেয়াদী কোর্সটি সম্পন্ন হলে শিক্ষার্থীরা ইন্সটিটিউট নিয়ম অনুযায়ী ওয়াশ প্র্যাকটিসের ধারণা, টেকনিক্যাল ড্রয়িং ও ম্যানুয়ালের ব্যাখ্যা, ইলেকট্রিক্যাল হ্যান্ডস টুলস ও পাওয়ার টুলস এর ব্যবহার, বেসিক ইলেকট্রিক্যাল, গ্যাস ওয়েল্ডিং, ব্রেজিং, সোল্ডারিং, ফ্লারিং, লক রিং, কম্প্রেসারের মেরামতসহ সম্পর্কিত সকল বিষয়ে তাত্ত্বিক জ্ঞান ও ব্যবহারিক দক্ষতা অর্জন করতে পারবে।

উল্লেখ্য, এমএসএস টেকনিক্যাল ইনস্টিটিউট (এমটিআই) সৈয়দপুরসহ নিকটবর্তী এলাকার অদক্ষ ও স্বল্প দক্ষ তরুণ-তরুণীদের আত্মনির্ভরশীল করে গড়ে তুলতে রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং, ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেন্যান্স এবং থার্মাল ডিজাইন কোর্স পরিচালনা ও সরকারি সার্টিফিকেট প্রদান করছে।

কারিগরি শিক্ষা ও প্রযুক্তিগত দক্ষতার মাধ্যমে যুব সমাজকে গড়ে তোলার লক্ষ্যে প্রতিষ্ঠিত এমএসএস টেকনিক্যাল ইনস্টিটিউট (এমটিআই) এর রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং কোর্সের পঞ্চম ব্যাচের যাত্রা শুরু হয়েছে।